# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২৭]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৯: সম্মান প্রদর্শনের স্থানে ডানকে অগ্রাধিকার দেওয়া মুস্তাহাব হওয়া (ডান-বাম ব্যবহারবিধি)

بَابُ اِسْتِحْبَابِ تَقْدِيْمِ اليَمِيْنِ فِيْ كُلِّ مَا هُوَ مِنْ بَابِ التَّكْرِيْمِ (99)

আরবী

وَعَن أَنَسٍ رضي الله عنه: أنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم أَتَى مِنىً، فَأتَى الْجَمْرَةَ فَرمَاهَا، ثُمَّ أتَى مَنْزِلَهُ بِمِنَىً وَنَحرَ، ثُمَّ قَالَ لِلحلاَّقِ: «خُذْ» وأشَارَ إِلَى جَانِبِهِ الأَيْمَنِ، ثُمَّ الأَيْسَرِ، ثُمَّ جَعَلَ يُعْطِيهِ النَّاسَ. متفقٌ عَلَيْهِ
وَفِي رِوَايَةٍ: لَمَّا رَمَى الجَمْرَةَ، وَنَحرَ نُسُكَهُ وَحلَقَ، نَاوَلَ الحَلاَّقَ شِقَّهُ الأَيْمَنَ فَحلَقَهُ، ثُمَّ دَعَا أَبَا طَلْحَةَ الأنْصَارِيَّ رضي الله عنه، فَأَعْطَاهُ إِيَّاهُ، ثُمَّ نَاوَلَهُ الشِّقَّ الأَيْسَرَ، فَقَالَ: « اِحْلِقْ »، فَحلَقَهُ فَأعْطَاهُ أَبَا طَلْحَةَ، فَقَالَ: اِقْسِمْهُ بَيْنَ النَّاسِ

বাংলা

৭/৭৩১। আনাস রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিনায় আগমন করলেন। তারপর জামরায় এসে কাঁকর মারলেন। তারপর পুনরায় মিনায় নিজ ডেরায় ফিরে গেলেন এবং কুরবানীর পশু যবেহ করলেন। তারপর নাপিতকে নিজ মাথার ডান দিকে ইশারা করে বললেন, ’’নাও।’’ তারপর বামদিকে (ইশারা করে মাথা নেড়া করলেন)। তারপর মাথার চুল জনগণের মাঝে বিতরণ করতে লাগলেন। (বুখারী ও মুসলিম)

অন্য বর্ণনায় আছে, যখন তিনি জামরায় কাঁকর মারলেন এবং কুরবানী পশু নহর (যবেহ) করলেন এবং মাথা মুন্ডন করলেন, সেই সময় তিনি নাপিতকে মাথার ডান দিকটা বাড়িয়ে দিলেন। সে সেদিকটি মুন্ডন করল। তারপর তিনি আবূ ত্বালহা আনসারী রাদিয়াল্লাহু ’আনহু-কে ডেকে (চুলগুলি) তাকে দিলেন। অতঃপর বাম পার্শ্ব নাপিতকে বাড়িয়ে দিয়ে বললেন, ’’মুন্ডন কর।’’ সুতরাং সে সেদিকটা মুন্ডন করে দিল। অতঃপর তিনি আবূ ত্বালহাকে চুলগুলি দিয়ে দিলেন এবং বললেন, ’’জনগণের মাঝে ওগুলি বণ্টন করে দাও।’’[1]

## English

(99) Chapter: Excellence of Using the Right Hand for Performing Various Good Acts

Anas (May Allah be pleased with him) reported:
When Messenger of Allah (ﷺ) went to Mina, he came to Jamrat-ul-'Aqabah and threw pebbles at it. After that, he went to his lodge in Mina and sacrificed. Then he called for a barber and pointed his right side to him, said, "Shave from here." Then he pointed his left side and said, "Take (hair) from here." Then he distributed his hair among the people.

[Al-Bukhari and Muslim].

Another narration is: After the Messenger of Allah (ﷺ) had thrown pebbles at Jamrah and sacrificed an animal, he turned the right side of his head towards the barber who shaved it for him. Then he called Abu Talhah Ansari (May Allah be pleased with him) and gave his hair to him. Then he turned his head to the left side and asked the barber to shave it. He gave the hair to Abu Talhah and told him, "Distribute it among the people."

Commentary: After returning from `Arafat on the 10th of Dhul-Hijjah, pilgrims throw pebbles at Jamrat-ulAqabah. This is followed by the sacrifice of an animal, the shaving of the head and the farewell Tawaf (circumambulation) of the Holy House. All this is to be observed on the Sacrificial Day in the exact order of priorities. Yet, an unexpected disturbance in this order involves no juristic disadvantage. Moreover, the act of throwing pebbles marks an end to the ban on legal concessions. But this permissibility is minor and partial, that is, everything becomes lawful except the physical contact with one's wife. The ban is totally lifted in the wake of the farewell circumambulation of the House of Allah. Secondly, we are told that the ritual shaving of the head should begin from the right side. Thirdly, there is a mention of the distribution of the Prophet's hair as a blessing among the Companions which is one of the Prophetic characteristics.

## ফুটনোট

[1] সহীহুল বুখারী ১৭১, মুসলিম ১৩০৫, তিরমিযী ৯১২, আবূ দাউদ ১৯৮১, আহমাদ ১১৯৯২, ১২০৭৪, ১২৮০৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23696

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন